দৈনিক বাংলা — ৫/১

তারিখ 05 JUN 1992
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৮ ...

# ভার্সিটিতে গোলাগুলি : অনার্স ও মাস্টার্স পরীক্ষা পিছিয়ে গেল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্রমাবনতিশীল পরিস্থিতি ও পরীক্ষার্থীদের চাপের মুখে অনার্স ও মাস্টার্স পরীক্ষা এক মাস পিছিয়ে দেয়া হয়েছে। ৩০ জুন থেকে অনার্স ও মাস্টার্স পরীক্ষা শুরু হওয়ার কথা ছিল। বৃহস্পতিবার প্রো-ভাইস চ্যান্সেলরের সভাপতিত্বে অনুষ্ঠিত ডীন ও বিভাগীয় চেয়ারম্যানদের

(আটের পাতায় ১-এর কঃ দ্রঃ)

## ভার্সিটিতে গোলাগুলি

( প্রথম পৃষ্ঠার পর )

জরুরী সভায় পরীক্ষা ২৮ জুলাই পর্যন্ত পিছিয়ে দেয়া হয়। বার্ষিক কোর্স পদ্ধতির ১৯৯০ সনের এম এ/এম এসএস প্রথম পর্ব পরীক্ষাও পেছানো হয়েছে। এসব পরীক্ষা শুরু হবে ১ আগস্ট থেকে।

এদিকে বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের প্রতিদ্বন্দ্বী দুই উপদলের মধ্যে গোলাগুলি অব্যাহত রয়েছে। প্রতি রাতেই জহরুল হক হল ও সলিমুল্লাহ হলে অবস্থানরত দুই দলের অস্ত্রধারীদের মধ্যে গুলি বিনিময় হচ্ছে। বৃহস্পতিবার রাতেও বিক্ষিপ্তভাবে গুলি-বর্ষণের শব্দ শোনা যায়। হলগুলোতে এখনো তীব্র উত্তেজনা বিরাজ করছে।

বৃহস্পতিবার জহরুল হক হলে ছাত্রলীগের (ম-ই) একজন কর্মী প্রতিদ্বন্দ্বী উপদলের কর্মীদের হাতে প্রহৃত হয়। মুনির নামে চট্টগ্রামের এই কর্মী ভুলক্রমে রিকশায় জহরুল হলের গেটে চলে এলে গেটে অবস্থানরত সশস্ত্র তরুণরা তাকে আটক করে জিজ্ঞাসাবাদ করে। পরে তাকে হলের ভেতরে নিয়ে মারধোর করা হয়। মুনির চট্টগ্রামের সিটি কলেজ ছাত্র সংসদের সাহিত্য সম্পাদক বলে জানা গেছে।